# করোনা কালীন শিক্ষকের শেখানো ঘাটতি (Teaching gap) দূরীকরণ।

## বিবরণ:

মহামারী  করোনার জন্য গত ১৭/০৩/২০২০ ইংরেজি তারিখ থেকে বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষনা করা হয়। অদ্যবদি দেশের সকল শিক্ষা প্রষ্ঠিান বন্ধ রয়েছে। ফলে শিক্ষকরা শ্রেনি কার্যক্রম থেকে দূরে রয়েছে। আর দীর্ঘদিন শ্রেণি কার্যক্রমে অংশগ্রহন না করায় শিক্ষকদের মধ্যেও শেখানো ঘাটতি (Teaching gap) দেখা দিয়েছে। শিক্ষকদের এই শেখানো ঘাটতি দূর করা খুবই প্রয়োজন। শিক্ষকদের মধ্যেও শেখানো ঘাটতি (Teaching gap) দূরীকরণ করতে পারলে আমাদের প্রত্যাশিত শিক্ষার্থীদের শিখন ঘাটতি (Learning gap) অতিদ্রুত দূর করা সম্ভব হবে।

## বাস্তবায়ন পদ্ধতি:

১) সকল শিক্ষককেই Teaching learing methods and Techniques সম্পর্কে পরিস্কার  ধারনা রাখতে হবে।

২) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষকদের মধ্যে আন্তরিকতা বৃদ্ধি করতে হবে। কেননা, কোন একটি নির্দিষ্ট পাঠ উপস্থাপন শিক্ষক ভেদে ভিন্নতা হয়ে থাকে। সংশ্লিষ্ট পাঠটির জন্য কোন পদ্ধতি বা কোন কৌশল কার্যকর হবে তা শিক্ষকদের মধ্যে আলোচনা করলে সমাধান চলে আসতে পারে।

৩) সকল শিক্ষককে তিনি যে বিষয় গুলো পাঠ দিবেন তা ভাল করে আয়ত্বে আনার জন্য পাঠ্যবই (Textbook) বেশি বেশি করে পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে।

৪) কোন একটি পাঠ শ্রেণির অধিকাংশ শিক্ষার্থী না আয়ত্ব করতে পারলে, শিক্ষককে গভীরভাবে চিন্তা করে তাঁর পাঠদান পদ্ধতির ত্রুটি বের করার চেষ্টা করতে হবে। প্রয়োজনে বিদ্যালয়ের অন্য শিক্ষকদের সাথে আলোচনা করে পাঠদান পদ্ধতি ও কৌশল পরিবর্তন করতে হবে।

সর্বোপরি শিক্ষকদের শেখানো ঘাটতি দূরীকরনের জন্য সার্বক্ষনিক URC Instructor, UEO, AUEO এবং  Assistant URC Instructor  দের সক্রিয় ভূমিকা থাকতে হবে।